

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০৬২.২০১৪. ১০২২

তারিখ : ১০ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ।
২৪ ডিসেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, হবিগঞ্জ জেলার সদর উপজেলাধীন তেঘরিয়া ইউনিয়ন পরিষদের ০৪ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ টেনু মিয়া গত ২৫/০১/২০১৭ তারিখে তেঘরিয়া ইউনিয়নে কর্মরত সচিব জনাব এস এম সোহানকে শারীরিকভাবে লাঞ্চিত করাসহ অফিসের গুরুত্বপূর্ণ কাগজাদিসহ সচিবের মানিব্যাগ ছিনতাইয়ের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং উক্ত অভিযোগের বিষয়ে হবিগঞ্জ সদর থানায় জি, আর মামলা নং-৩১/২০১৭ বিজ্ঞ আদালত কর্তৃক আমলে নেয়া হয়েছে;

যেহেতু, উল্লিখিত ইউনিয়ন পরিষদ সদস্যের বিরুদ্ধে মামলা বিজ্ঞ আদালতে বিচারাধীন রয়েছে বিধায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে; *

সেহেতু, হবিগঞ্জ জেলার সদর উপজেলাধীন তেঘরিয়া ইউনিয়ন পরিষদের ০৪ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ টেনু মিয়া এর বিরুদ্ধে হবিগঞ্জ সদর থানায় দায়েরকৃত জি, আর মামলা নং-৩১/২০১৭ বিজ্ঞ আদালত কর্তৃক আমলে নেয়ায় এবং উক্ত ইউপি সদস্য কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিধায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্বীয় পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০৬২.২০১৪. ১০২২

তারিখ : ১০ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ।
২৪ ডিসেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর উপজেলা, হবিগঞ্জ।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ টেনু মিয়া (সাময়িক বরখাস্তকৃত), সদস্য, ০৪নং ওয়ার্ড, তেঘরিয়া ইউনিয়ন পরিষদ, সদর উপজেলা, হবিগঞ্জ।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব